

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৪. ২০. ৩. তালুতের অবাধ্যতায় ঈশ্বরের অনুশোচনা ও ক্রোধ

"তখন মাবুদের এই কালাম শামুয়েলের উপর নাযিল হল, তালুতকে বাদশাহ করাটা আমার দুঃখের কারণ হয়েছে (It repenteth me that I have set up Saul to be king. কেরি ও কি. মো.-১৩: 'আমি শৌলকে/ তালুতকে রাজা করেছি বলে আমার অনুশোচনা হচ্ছে)। কারণ সে আমার কাছ থেকে সরে গেছে এবং আমার হুকুম অমান্য করেছে।' এই কথা শুনে শামুয়েল উত্তেজিত হলেন এবং গোটা রাতটা তিনি মাবুদের কাছে ফরিয়াদ করে কাটালেন। পরদিন খুব ভোরে উঠে শামুয়েল তালুতের সংগে দেখা করতে গেলেন। সেখানে তাকে বলা হল যে, তালুত কর্মিল পাহাড়ে গিয়ে নিজের সম্মানের জন্য সেখানে একটা স্তম্ভ তৈরী করবার পর গিলগলে চলে গেছেন। শামুয়েল তখন তালুতের কাছে গেলেন।

তালুত তাঁকে বললেন, 'আসসালামু আলাইকুম। মাবুদের হুকুম আমি পালন করেছি।' শামুয়েল তাকে বললেন, 'তবে ভেড়ার ডাক আমার কানে আসছে কেন? গরুর ডাকই বা আমি শুনতে পাচ্ছি কেন?' জবাবে তালুত বললেন, 'আমালেকীয়দের কাছ থেকে ওগুলো আনা হয়েছে। আপনার মাবুদ আল্লাহর উদ্দেশ্যে কোরবানী করবার জন্য সৈন্যেরা ভাল ভাল গরু ও ভেড়া রেখে দিয়েছে; তবে বাকী সব কিছু আমরা একেবারে শেষ করে দিয়েছি।' শামুয়েল তখন তালুতকে বললেন, 'চুপ কর। গত রাতে মাবুদ আমাকে যা বলেছে তা আমি তোমাকে বলি।' তালুত বললেন, 'বলুন'। শামুয়েল বললেন, 'একদিন তুমি নিজের চোখে খুবই সামান্য ছিলে, কিন্তু তবুও কি তুমি বনি-ইসরাইলদের সমস্ত গোষ্ঠীর মাথা হও নি? মাবুদই তোমাকে ইসরাইল দেশের উপরে বাদশাহ হিসাবে অভিষেক করেছেন। তিনি তোমাকে একটা কাজে পাঠিয়েছিলেন এবং বলেছিলেন, 'তুমি গিয়ে সেই গুনাহগারদের, অর্থাৎ আমালেকীয়দের একেবারে শেষ করে ফেলবে। তারা একেবারে শেষ না হওয়া পর্যন্ত তাদের সংগে যুদ্ধ করবে।' তুমি মাবুদের হুকুম পালন কর নি কেন? কেন তুমি লুটের জিনিসের উপর ঝাঁপিয়ে পড়লে এবং মাবুদের চোখে যা খারাপ তা-ই করলে?' (১ শামুয়েল ১৫/১০-১৯)

এখানে শামুয়েল আমালেকীয়দের গণহত্যার নির্দেশটাকে একটা ধর্মীয় রূপ দান করছেন। আমালেকীয়রা যেহেতু গোনাহগার কাজেই তাদের সকলকেই হত্যা করতে হবে! তাদের গোনাহটা কী? প্রায় ৫০০ বছর পূর্বে তাদের পূর্বপুরুষেরা বনি-ইসরাইলের সাথে অসদাচরণ করেছিল! আর এজন্য ছেলে, মেয়ে, দুধ-খাওয়া শিশু ও অবলা প্রাণিগুলোও পাপী হয়ে গেল! বাহ্যত তালুত এ ঐশ্বরিক যৌক্তিকতা ভালভাবে বুঝতে পারেন নি। বিশেষ করে প্রাণিগুলোকে মাঠেই হত্যা না করে বেদির উপর ঈশ্বরের জন্য হত্যা করে পুড়িয়ে ফেললে যে ঈশ্বরের আদেশ লজ্ঘন হয় তা তিনি বুঝতে পারেননি। এজন্যই তিনি দাবি করেন যে, তিনি ঈশ্বরের আদেশ পালন করেছেন।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14577

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন